SHANTA Life

# শান্তা ডিপোজিটরস প্রটেকশন প্ল্যান (এসডিপিপি)

সমৃদ্ধ ভবিষ্যতের জন্য সঞ্চয়, সাথে বীমার নিরাপত্তাও নিশ্চিত হয়





# শান্তা ডিপোজিটরস প্রটেকশন প্ল্যান

নিজের জন্য, পরিবারের জন্য সমৃদ্ধ ও নিরাপদ ভবিষ্যতের স্বপ্ন দেখি আমরা সবাই। আর সেই স্বপ্নগুলোকে নিরাপদ রাখতে দরকার সঠিক পরিকল্পনা ও সুরক্ষা।

'শান্তা ডিপোজিটরস প্রটেকশন প্ল্যান' এমন একটি সমন্বিত বীমা সমাধান, যেখানে নিয়মিত সঞ্চয়ের মাধ্যমে গড়ে উঠবে আপনার ভবিষ্যতের ভিত্তি। পাশাপাশি জীবন বীমা, দুর্ঘটনা কাভারেজ ও হাসপাতাল সুবিধা দেবে অপ্রত্যাশিত পরিস্থিতিতে আর্থিক সহায়তা।

তাই আপনার অনুপস্থিতিতেও যেন প্রিয় মানুষদের স্বপ্ন থেমে না যায়, তাদের এগিয়ে চলা যেন বাধাহীন থাকে - সেই প্রতিশ্রুতি নিয়েই শান্তা লাইফ এর এই বিশেষ বীমা পরিকল্পনা।

# মূল সুবিধাসমূহ

## মেয়াদপূর্তি সুবিধা

মেয়াদপূর্তিতে যেকোনো প্ল্যান এর ক্ষেত্রেই অ্যাকাউন্ট মূল্যের ১০০% প্রদান করা হবে।

## জীবন বীমা সুরক্ষা

বীমা চলাকালীন বীমাকৃত ব্যক্তির অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে তার সুবিধাগ্রাহীকে আর্থিক সুবিধা প্রদান।

## দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা

বীমা চলাকালীন বীমাকৃত ব্যক্তির অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনায় মৃত্যু বা পূর্ণাঙ্গ স্থায়ী অক্ষমতায় পলিসিগ্রহীতা বা তার সুবিধাগ্রাহীকে মূল পলিসি প্ল্যানের বীমাঅঙ্কের দ্বিগুণ অথবা ১ কোটি টাকা; যেটি কম তা আর্থিক সুবিধা হিসেবে প্রদান।

## জটিল অসুস্থতায় বীমা

১৫টি জটিল রোগের চিকিৎসায় আর্থিক সুরক্ষা হিসেবে অতিরিক্ত বীমা সুবিধা নেওয়ার সুযোগ।

## হাসপাতাল কাভারেজ

হাসপাতালে ভর্তিকালীন চিকিৎসার জন্য দৈনিক নির্দিষ্ট আর্থিক সুরক্ষা প্রদান।

## চিকিৎসাসেবায় বিশেষ ডিসকাউন্ট

শান্তা লাইফ এর পার্টনার হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারে বিশেষ মূল্যছাড়।

## হোটেল এবং রেস্টুরেন্টে বিশেষ মূল্যছাড়

শান্তা লাইফ এর পার্টনার হোটেল, রিসোর্ট এবং রেস্টুরেন্টে বিশেষ মূল্যছাড়।

## ঋণের সুবিধা

কমপক্ষে ৩ (তিন) বছর নিয়মিত প্রিমিয়াম প্রদানের পরে, পলিসির বিপরীতে ঋণের জন্য আবেদন করার সুযোগ, যার পরিমাণ পলিসির সারেন্ডার মূল্যের সর্বোচ্চ ৮০% পর্যন্ত হতে পারে।

## আয়কর ছাড় সুবিধা

বাংলাদেশের আইন অনুযায়ী, প্রদেয় আয়করের ক্ষেত্রে রেয়াত সুবিধার জন্য পলিসি প্রিমিয়াম অনুমোদিত বিনিয়োগ হিসেবে বিবেচিত হবে - যা সময়ের সাথে পরিবর্তিত হতে পারে। বিস্তারিত জানতে আপনার আয়কর উপদেষ্টার পরামর্শ নিন।

# আপনার পছন্দ ও ফিনান্সিয়াল পরিকল্পনা অনুযায়ী এসডিপিপি-তে রয়েছে ৩টি ভিন্ন প্ল্যান:

| কাভারেজ সুবিধা | প্রাইম | সিগনেচার | এলিট |
|---|---|---|---|
| মেয়াদপূর্তি সুবিধা | ✓ | ✓ | ✓ |
| জীবন বীমা সুরক্ষা | ✓ * | ✓ ** | ✓ ** |
| দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা সুবিধা | ✓ | ✓ | ✓ |
| জটিল অসুস্থতায় বীমা কাভারেজ | — | — | ✓ |
| হাসপাতাল কাভারেজ | — | — | ✓ |

* কোনো বকেয়া প্রিমিয়াম না থাকলে, বীমাকৃত ব্যক্তির মৃত্যুতে অ্যাকাউন্ট মূল্য অথবা প্রদত্ত প্রিমিয়াম যেটি বেশি সেটি প্রদান করা হবে।

** কোনো বকেয়া প্রিমিয়াম না থাকলে, বীমাকৃত ব্যক্তির মৃত্যুতে অ্যাকাউন্ট মূল্য অথবা মূল পলিসি প্ল্যানের বীমাঅঙ্কের এর মধ্যে যেটি বেশি সেটি প্রদান করা হবে।

# এসডিপিপি - এলিট

## মেয়াদপূর্তি সুবিধা

মেয়াদপূর্তিতে বীমাগ্রাহককে পলিসির অ্যাকাউন্ট মূল্যের ১০০% প্রদান।

## জীবন বীমা কাভারেজ

বীমা চলাকালীন বীমাকৃত ব্যক্তির অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে তার সুবিধাগ্রাহীকে পলিসির অ্যাকাউন্ট মূল্য অথবা মূল পলিসি প্ল্যানের বীমাঅঙ্ক এর মধ্যে যেটি বেশি তা প্রদান।

## দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা সুবিধা

বীমা চলাকালীন বীমাকৃত ব্যক্তির অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনায় মৃত্যু বা পূর্ণাঙ্গ স্থায়ী অক্ষমতায় পলিসিগ্রহীতা বা তার সুবিধাগ্রাহীকে মূল পলিসি প্ল্যানের বীমাঅঙ্কের দ্বিগুণ অথবা ১ কোটি টাকা; যেটি কম তা আর্থিক সুবিধা হিসেবে প্রদান করা হবে।

## জটিল অসুস্থতায় বীমা কাভারেজ (ঐচ্ছিক)

নিম্নোক্ত জটিল রোগের চিকিৎসার জন্য অতিরিক্ত প্রিমিয়াম প্রদান সাপেক্ষে আর্থিক সুরক্ষা হিসেবে এককালীন অর্থ প্রদান করা হবে:

| | |
|---|---|
| ১. কিডনির চূড়ান্ত পর্যায়ের বিকলতা | ৯. অন্ধত্ব |
| ২. ক্যান্সার | ১০. হার্ট ভালভ প্রতিস্থাপন |
| ৩. স্ট্রোক | ১১. তৃতীয় মাত্রার দগ্ধতা |
| ৪. প্রধান অঙ্গ প্রতিস্থাপন | ১২. মহাধমনীর অস্ত্রোপচার |
| ৫. মায়োকার্ডিয়াল ইনফার্কশন (হার্ট অ্যাটাক) | ১৩. ফুসফুসের চূড়ান্ত পর্যায়ের রোগ |
| ৬. মাল্টিপল স্কলেরোসিস | ১৪. যকৃতের চূড়ান্ত পর্যায়ের রোগ |
| ৭. করোনারি আর্টারি বাইপাস সার্জারি | ১৫. মস্তিষ্কের বিনাইন টিউমার |
| ৮. পক্ষাঘাত | |

# হাসপাতাল কাভারেজ

হাসপাতালে ভর্তিকালীন চিকিৎসার জন্য আর্থিক সুরক্ষা হিসেবে নিম্নোক্ত কাভারেজ প্রদান করা হবে:

- ন্যূনতম দৈনিক কাভারেজ: ১,০০০ টাকা
- সর্বোচ্চ দৈনিক কাভারেজ: মূল পলিসি প্ল্যানের বীমাঅঙ্কের ২% অথবা ২৫,০০০ টাকা, যেটা কম হয়।

পলিসিগ্রহীতা ন্যূনতম এবং সর্বোচ্চ কাভারেজের মধ্যে যেকোনো পরিমাণ বেছে নিতে পারেন এবং প্রতি পলিসি বছরে সর্বোচ্চ ২৫ দিনের হাসপাতাল কাভারেজ প্রদান করা হবে।

## উদাহরণের মাধ্যমে এসডিপিপি - এলিট প্ল্যানের আর্থিক সুবিধা বুঝে নিন:

জনাব ইফতেখার এর বয়স ৩০। নিম্নোক্ত টেবিলে তার জন্য বার্ষিক ৭২,০০০ টাকা প্রিমিয়াম নির্ধারিত করে ১০ বছর, ১৫ বছর, ২০ বছর ও ২৫ বছরের মেয়াদে পলিসির আর্থিক সুবিধা নির্ণয় করা হয়েছে। উদাহরণস্বরূপ প্রতিটি মেয়াদের জন্য তার ক্রেডিটিং হার ৭% ও ৯% ধরা হয়েছে।

| এলিট | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| পলিসিগ্রহীতার প্রদান | | | মূল সুবিধাসমূহ (পলিসিগ্রহীতার প্রাপ্য) | | | | | |
| মেয়াদ | বেসিক প্রিমিয়াম | রাইডার প্রিমিয়াম (ঐচ্ছিক) | মূল বীমাঅঙ্ক | দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা সুবিধা | জটিল অসুস্থতায় বীমা কাভারেজ | হাসপাতাল কাভারেজ (দৈনিক) | ৭% ক্রেডিটিং হারে প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য | ৯% ক্রেডিটিং হারে প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য |
| ১০ | ৭২০,০০০ | ১২,১৩০ | ৭২০,০০০ | ১,৪৪০,০০০ | ৩৬০,০০০ | ১,০০০ | ৯,৬২,৩৬৬ | ১০,৭৪,২৬০ |
| ১৫ | ১,০৮০,০০০ | ২৩,৪৫৪ | ১,০৮০,০০০ | ২,১৬০,০০০ | ৫৪০,০০০ | ১,০০০ | ১৭,১৬,৭৩৪ | ২০,৩০,২৬৫ |
| ২০ | ১,৪৪০,০০০ | ২৭,০৭২ | ১,৪৪০,০০০ | ২,৮৮০,০০০ | ৭২০,০০০ | ১,০০০ | ২৭,৭৬,৯৯৮ | ৩৫,০২,৫৬৮ |
| ২৫ | ১,৮০০,০০০ | ৩০,৬৯০ | ১,৮০০,০০০ | ৩,৬০০,০০০ | ৯০০,০০০ | ১,০০০ | ৪২,২০,৫৯৩ | ৫৭,০২,৬৬০ |

# এসডিপিপি - সিগনেচার

## মেয়াদপূর্তি সুবিধা

মেয়াদপূর্তিতে বীমাগ্রাহককে পলিসির অ্যাকাউন্ট মূল্যের ১০০% প্রদান।

## জীবন বীমা কাভারেজ

বীমা চলাকালীন বীমাকৃত ব্যক্তির অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে তার সুবিধাগ্রাহীকে পলিসির অ্যাকাউন্ট মূল্য অথবা মূল পলিসি প্ল্যানের বীমাঅঙ্কের মধ্যে যেটির মূল্য বেশি তা প্রদান।

## দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা সুবিধা

বীমা চলাকালীন বীমাকৃত ব্যক্তির অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনায় মৃত্যু বা পূর্ণাঙ্গ স্থায়ী অক্ষমতায় পলিসিগ্রহীতা বা তার সুবিধাগ্রহীকে মূল পলিসি প্ল্যানের বীমাঅঙ্কের দ্বিগুণ অথবা ১ কোটি টাকা; যেটি কম তা আর্থিক সুবিধা হিসেবে প্রদান করা হবে।

জনাব ইফতেখার যদি এসডিপিপি-এর সিগনেচার প্ল্যানটি নিতেন তাহলে তার জন্য আর্থিক সুবিধা:

| সিগনেচার | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| পলিসিগ্রহীতার প্রদান | | | মূল সুবিধাসমূহ (পলিসিগ্রহীতার প্রাপ্য) | | | | | |
| মেয়াদ | বেসিক প্রিমিয়াম | রাইডার প্রিমিয়াম (ঐচ্ছিক) | মূল বীমাঅঙ্ক | দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা সুবিধা | জটিল অসুস্থতায় বীমা কাভারেজ | হাসপাতাল কাভারেজ (দৈনিক) | ৭% ক্রেডিটিং হারে প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য | ৯% ক্রেডিটিং হারে প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য |
| ১০ | ৭২০,০০০ | - | ৭২০,০০০ | ১,৪৪০,০০০ | - | - | ৯,৬২,৩৬৬ | ১০,৭৪,২৬০ |
| ১৫ | ১,০৮০,০০০ | - | ১,০৮০,০০০ | ২,১৬০,০০০ | - | - | ১৭,১৬,৭৩৪ | ২০,৩০,২৬৫ |
| ২০ | ১,৪৪০,০০০ | - | ১,৪৪০,০০০ | ২,৮৮০,০০০ | - | - | ২৭,৭৬,৯৯৮ | ৩৫,০২,৫৬৮ |
| ২৫ | ১,৮০০,০০০ | - | ১,৮০০,০০০ | ৩,৬০০,০০০ | - | - | ৪২,২০,৫৯৩ | ৫৭,০২,৬৬০ |

# এসডিপিপি - প্রাইম

## মেয়াদপূর্তি সুবিধা

মেয়াদপূর্তিতে বীমাগ্রাহককে পলিসির অ্যাকাউন্ট মূল্যের ১০০% প্রদান।

## জীবন বীমা কাভারেজ

বীমা চলাকালীন বীমাকৃত ব্যক্তির অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে তার সুবিধাগ্রাহীকে পলিসির অ্যাকাউন্ট মূল্য অথবা প্রদত্ত প্রিমিয়াম, এর মধ্যে যেটি বেশি তা প্রদান।

## দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা সুবিধা

বীমা চলাকালীন বীমাকৃত ব্যক্তির অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনায় মৃত্যু বা পূর্ণাঙ্গ স্থায়ী অক্ষমতায় পলিসিগ্রহীতা বা তার সুবিধাগ্রাহীকে মূল পলিসি প্ল্যানের বীমাঅঙ্কের দ্বিগুণ অথবা ১ কোটি টাকা; যেটি কম তা আর্থিক সুবিধা হিসেবে প্রদান করা হবে।

জনাব ইফতেখার যদি এসডিপিপি-এর প্রাইম প্ল্যানটি নিতেন তাহলে তার জন্য আর্থিক সুবিধা:

| প্রাইম | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| পলিসিগ্রহীতার প্রদান | | | মূল সুবিধাসমূহ (পলিসিগ্রহীতার প্রাপ্য) | | | | | | |
| মেয়াদ | বেসিক প্রিমিয়াম | রাইডার প্রিমিয়াম (ঐচ্ছিক) | মূল বীমাঅঙ্ক | দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা সুবিধা | জটিল অসুস্থতায় বীমা কাভারেজ | হাসপাতাল কাভারেজ (দৈনিক) | ৭% ক্রেডিটিং হারে প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য | ৯% ক্রেডিটিং হারে প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য |
| ১০ | ৭২০,০০০ | - | প্রদত্ত প্রিমিয়াম/ অ্যাকাউন্ট মূল্য | ১,৪৪০,০০০ | - | - | ৯,৬৬,৩৪৩ | ১০,৭৮,৬০৪ |
| ১৫ | ১,০৮০,০০০ | - | প্রদত্ত প্রিমিয়াম/ অ্যাকাউন্ট মূল্য | ২,১৬০,০০০ | - | - | ১৭,২৯,৫৩৫ | ২০,৪৫,০৭৫ |
| ২০ | ১,৪৪০,০০০ | - | প্রদত্ত প্রিমিয়াম/ অ্যাকাউন্ট মূল্য | ২,৮৮০,০০০ | - | - | ২৮,০৮,৫৫৩ | ৩৫,৪১,৩৫১ |
| ২৫ | ১,৮০০,০০০ | - | প্রদত্ত প্রিমিয়াম/ অ্যাকাউন্ট মূল্য | ৩,৬০০,০০০ | - | - | ৪২,৮৮,৭৬৪ | ৫৭,৯১,৮৭৮ |

# এক নজরে
# শান্তা ডিপোজিটরস প্রটেকশন প্ল্যান (এসডিপিপি)

| | |
|---|---|
| আবেদন করার সর্বনিম্ন বয়স: | ১৮ বছর |
| আবেদন করার সর্বোচ্চ বয়স: | প্রাইম ও সিগনেচার প্ল্যানের ক্ষেত্রে- ৬০ বছর<br>এলিট প্ল্যানের ক্ষেত্রে- ৫০ বছর |
| মেয়াদপূর্তিতে বয়স: | প্রাইম ও সিগনেচার প্ল্যানের ক্ষেত্রে- ৭০ বছর<br>এলিট প্ল্যানের ক্ষেত্রে- ৬০ বছর |
| মেয়াদ: | ৫ থেকে ২৫ বছর পর্যন্ত যেকোনো মেয়াদে নেয়া যায়<br>গুরুতর রোগের ও হাসপাতাল কাভারেজের ক্ষেত্রে:<br>মূল প্ল্যানের মেয়াদ অথবা ১৫ বছরের মধ্যে যেটা কম |
| প্রিমিয়ামের প্রদানের ধরন: | বার্ষিক / অর্ধ-বার্ষিক / ত্রৈমাসিক / মাসিক |
| ন্যূনতম প্রিমিয়াম: | **প্রাইম ও সিগনেচার প্ল্যানের ক্ষেত্রে:**<br>- বার্ষিক: ২৪,০০০ টাকা<br>- অর্ধ-বার্ষিক: ১২,০০০ টাকা<br>- ত্রৈমাসিক: ৬,০০০ টাকা<br>- মাসিক: ২,০০০ টাকা<br>**এলিট প্ল্যানের ক্ষেত্রে:**<br>- বার্ষিক: ৪৮,০০০ টাকা<br>- অর্ধ-বার্ষিক: ২৪,০০০ টাকা<br>- ত্রৈমাসিক: ১২,০০০ টাকা<br>- মাসিক: ৪,০০০ টাকা |
| অপেক্ষমান সময়: | পলিসিগ্রহীতার জীবনবীমা কাভারেজ ও অতিরিক্ত দুর্ঘটনাজনিত কাভারেজ, পলিসি কাভারেজ শুরু হওয়ার দিন থেকে অথবা পলিসি পুনর্বহাল হওয়ার দিন থেকেই (যেটি পরে হবে) শুরু হবে। |

*পরবর্তী পৃষ্ঠায় দেখুন

তবে জটিল অসুস্থতায় (পলিসি বর্ণনায় বিস্তারিত ১৫টি জটিল অসুস্থতার ক্ষেত্রে) বীমা সুবিধা শুরু হওয়ার জন্য পলিসি কার্যকরের দিন থেকে ১৮০ দিনের একটি অপেক্ষমান সময় প্রযোজ্য হবে। যেকোনো অসুস্থতার কারণে হাসপাতালে থাকাকালীন বীমা সুবিধা শুরু হওয়ার জন্য ৩০ দিনের একটি অপেক্ষমান সময় প্রযোজ্য হবে, কিন্তু দুর্ঘটনার কারণে হাসপাতালে থাকাকালীন বীমা সুবিধা নেওয়ার ক্ষেত্রে কোনো অপেক্ষমান সময় প্রযোজ্য হবে না।

সারভাইভাল সময়:

জটিল অসুস্থতায় বীমা সুবিধার ক্ষেত্রে রোগ নির্ণয়ের পর ৩০ দিন এর একটি সারভাইভাল সময়কাল প্রযোজ্য হবে।

প্রিমিয়াম ফি:

প্রিমিয়াম সম্পর্কিত খরচগুলো প্রদত্ত প্রিমিয়াম থেকে পলিসির মেয়াদ ও পলিসি বছরের ভিত্তিতে নিম্নলিখিত হারে প্রযোজ্য হবে। ৫ বছর এর বেশি মেয়াদের পলিসির জন্য পঞ্চম বছর পূর্তির পর প্রিমিয়াম ফি প্রযোজ্য হবে না।

| পলিসি বছর | মেয়াদ ৫ | মেয়াদ ৬ | মেয়াদ ৭-৯ | মেয়াদ ১০ | মেয়াদ ১১ | মেয়াদ ১২-১৪ | মেয়াদ ১৫-১৬ | মেয়াদ ১৭-১৯ | মেয়াদ ২০-২৩ | মেয়াদ ২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২০% | ২৫% | ২৫% | ৩০% | ৩৫% | ৩৫% | ৪০% | ৪০% | ৪৫% | ৪৫% |
| ২ | ৫% | ৫% | ১০% | ১০% | ১০% | ১০% | ১০% | ১০% | ১০% | ১৫% |
| ৩ | ০% | ৫% | ৫% | ৫% | ৫% | ১০% | ১০% | ১০% | ১০% | ১০% |
| ৪ | ০% | ০% | ০% | ৫% | ৫% | ৫% | ৫% | ১০% | ১০% | ১০% |
| ৫ | ০% | ০% | ০% | ০% | ৫% | ৫% | ৫% | ৫% | ৫% | ৫% |

অ্যাডমিন ফি:

প্রতি মাসে বার্ষিক প্রিমিয়ামের ভিত্তিতে নিম্নলিখিত হারে অ্যাডমিন ফি প্রযোজ্য হবে-

| বার্ষিক প্রিমিয়াম (টাকা) | মাসিক অ্যাডমিন ফি (টাকা) |
|---|---|
| ২৪,০০০ থেকে ৩৬,০০০ | ৪০ |
| ৩৬,০০১ থেকে ৪৮,০০০ | ৫০ |
| ৪৮,০০১ থেকে ৭২,০০০ | ৬০ |
| ৭২,০০১ থেকে সর্বোচ্চ অনুমোদিত প্রিমিয়াম | ৭০ |

**সারেন্ডার ফি:**

| পলিসি বছর | সারেন্ডার ফি (% অ্যাকাউন্ট মূল্য) |
|---|---|
| ১ | ১০০ |
| ২ | ৬০ |
| ৩ | ৩০ |
| ৪ | ২০ |
| ৫* | ১০ |
| ৬+ | - |

* ৫ বছর মেয়াদী পলিসির ক্ষেত্রে, মেয়াদপূর্তিতে সারেন্ডার ফি প্রযোজ্য হবে না। যেকোনো মেয়াদেই সারেন্ডার করার সময় প্রসেসিং ফি হিসেবে ২০০ টাকা প্রযোজ্য হবে।

**অন্যান্য ফি:**

জীবন বীমা ও দুর্ঘটনাজনিত বীমা সুরক্ষার বিপরীতে আপনার বয়স ও বীমা কভারেজের ওপর ভিত্তি করে মাসিক বীমা খরচ প্রযোজ্য হবে।

আপনার বিনিয়োগলব্ধ আয়ের ওপর বিনিয়োগ সম্পর্কিত খরচগুলো প্রযোজ্য হবে। উক্ত আয় ও খরচসমূহ বিবেচনায় নিয়ে নির্দিষ্ট সময় পর পর কোম্পানি ক্রেডিটিং হার নির্ধারণ করে।



# কিছু প্রয়োজনীয় প্রশ্নের উত্তর

## আমি কি এই পলিসিটি ক্রয়ের জন্য উপযুক্ত?

আপনার বয়স যদি ১৮ থেকে ৫০ বছর এর মধ্যে হয়, তাহলে আপনি এসডিপিপি - এর এলিট প্ল্যান ক্রয় করার জন্য উপযুক্ত। ৫০ বছরের উপরের বয়স হলে, আপনি প্রাইম ও সিগনেচার প্ল্যানের জন্য উপযুক্ত।

## আমি এই পলিসি কীভাবে ক্রয় করতে পারি?

আপনার জন্য নিয়োজিত রিলেশনশিপ ম্যানেজার/অফিসারের সঙ্গে পরামর্শ করতে পারেন।
হটলাইন: ০৯৬১০৮৮৯৯০০ (সকাল ৯:০০ ঘটিকা হতে রাত ৯:০০ ঘটিকা পর্যন্ত)

## অ্যাকাউন্ট মূল্য বলতে কী বুঝায় ?

আসুন উদাহরণের মাধ্যমে বুঝি:

জনাব ইফতেখার ২০ বছর মেয়াদি বার্ষিক ৬০,০০০ টাকা প্রিমিয়ামে এসডিপিপি - এর সিগনেচার প্ল্যান নিয়েছেন। তার মাসিক প্রিমিয়াম ৫ হাজার টাকা। প্রতি মাসে তার প্রদত্ত প্রিমিয়ামগুলো অ্যাকাউন্টে যোগ হবে, তার জন্য প্রযোজ্য ফি কেটে নেয়া হবে এবং কোম্পানি কর্তৃক ঘোষণাকৃত হারে উক্ত মাসের মুনাফা মাস শেষে যোগ করা হবে। এভাবে যেকোনো দিনে তার অ্যাকাউন্টে থাকা অর্থের পরিমানই উক্ত দিনের জন্য তার পলিসির অ্যাকাউন্ট মূল্য। কেটে নেওয়া ফি-র পরিমাণ পলিসি বর্ণনায় বিস্তারিত আছে।

## ফেস অ্যামাউন্ট বলতে কী বুঝায় ?

এই পলিসির ক্ষেত্রে, ফেস অ্যামাউন্ট হচ্ছে আপনার মূল প্ল্যানের বার্ষিক প্রিমিয়াম এবং বীমার মেয়াদের গুণফল।

## ম্যাচুরিটি মূল্য বলতে কী বুঝায় ?

মেয়াদপূর্তিতে আপনার অ্যাকাউন্ট মূল্যের সম্পূর্ণ অঙ্কই হচ্ছে ম্যাচুরিটি মূল্য।

## আমি যদি কোনো কারণে প্রিমিয়াম পরিশোধে ব্যর্থ হই ?

যেকোনো প্রিমিয়াম জমা দেয়ার তারিখে প্রিমিয়াম প্রদান না করা হলে কোম্পানি পরবর্তী তিন মাস সাধারণ নিয়মে অ্যাকাউন্ট মূল্য থেকে মাসিক চার্জগুলো কর্তন করবে ও মুনাফা যোগ করবে। যদি এই সময়ে অ্যাকাউন্ট মূল্য কর্তনসমূহের জন্য অপর্যাপ্ত হয়ে যায়, তাহলে পলিসিটি আর চলমান থাকবে না। যদি অ্যাকাউন্ট মূল্য অপর্যাপ্ত না হয় সেক্ষেত্রে ২টি সম্ভাব্য ঘটনার সুযোগ রয়েছে:

### ঘটনা ১:

পলিসি গ্রাহক উক্ত ৩ মাসের মধ্যে 'কাভারেজ কন্টিনিউয়েশন রিকোয়েস্ট ফর্ম' এর মাধ্যমে কোম্পানিকে তার বীমা সুবিধা চলমান রাখার অনুরোধ করতে পারেন। এক্ষেত্রে তার বীমা সুবিধা চলমান থাকবে, কোম্পানি সাধারণ নিয়মে অ্যাকাউন্ট মূল্য থেকে মাসিক চার্জগুলো কর্তন করবে ও মুনাফা যোগ করবে। তবে যদি কখনও অ্যাকাউন্ট মূল্য চার্জসমূহের জন্য অপর্যাপ্ত হয়ে যায় তাহলে পলিসিটি আর চলমান থাকবে না।

### ঘটনা ২:

পলিসি গ্রাহক 'কাভারেজ কন্টিনিউয়েশন রিকোয়েস্ট ফর্ম' প্রদান না করলে এবং পলিসি সারেন্ডার না করলে উক্ত ৩ মাস পর তার বীমা সুবিধা বন্ধ হয়ে যাবে এবং অ্যাকাউন্ট মূল্য থেকে মাসিক চার্জসমূহ কর্তন করা হবে না, কিন্তু কোম্পানির নির্ধারিত হারে অ্যাকাউন্টে মুনাফা যোগ করা হবে।

উভয় ক্ষেত্রেই পলিসি গ্রাহক পলিসি পুনর্বহাল এর বিধান অনুযায়ী আবার প্রিমিয়াম প্রদান শুরু করতে পারেন।

## মেয়াদপূর্তিমূল্য কি নিশ্চিত ?

কোম্পানির ঘোষিত ক্রেডিটিং হারের উপর নির্ভর করে প্রতি মাসে অ্যাকাউন্টে মুনাফা যোগ করা হয় এবং মেয়াদপূর্তিতে এই অ্যাকাউন্ট মূল্য প্রদান করা হয়। এই ক্রেডিটিং হার কোম্পানির বিনিয়োগ পারফরমেন্স ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদির ভিত্তিতে পরিবর্তনযোগ্য।

## আমি কি ম্যাচুরিটি এর আগেই টাকা উত্তোলন করতে পারবো ?

হ্যাঁ, আপনি পলিসি নেয়ার ১ বছর পর থেকে যেকোনো সময়ে পলিসি সারেন্ডার করতে পারবেন, সেক্ষেত্রে পলিসি সারেন্ডার চার্জ পূর্বে বর্ণিত চার্জ অনুযায়ী সমন্বয় করা হবে।

## কীভাবে আমি প্রিমিয়ামের অর্থ পরিশোধ করবো?

অনুগ্রহ করে আবেদন ফরম পূরণ করুন এবং নিচের যেকোনো একটি পদ্ধতির মাধ্যমে প্রিমিয়াম প্রদান করুন:

### ১.ব্যাংক ট্রান্সফার:

| | |
|---|---|
| ব্যাংক নাম: ব্র্যাক ব্যাংক | রাউটিং নম্বর: ০৬০২৬১৭২৬ |
| অ্যাকাউন্ট নাম: Shanta Life Insurance PLC | ব্রাঞ্চ নাম: গুলশান ব্রাঞ্চ |
| অ্যাকাউন্ট নম্বর: ২০৬৫২৬২৯০০০০১ | |

অনলাইনের মাধ্যমে প্রিমিয়াম পরিশোধ করার সময় আপনার পুরো নাম রেফারেন্স সেকশনে উল্লেখ করুন।

### ২. অ্যাকাউন্ট পেয়ি চেক

### ৩. বিকাশ পেমেন্ট

বিকাশ অ্যাপ এর পেমেন্ট অপশনে গিয়ে সার্চ বার-এ 'Shanta Life Insurance PLC' লিখুন কিংবা মার্চেন্ট নম্বর ০১৩৩২৫৪৪৭৯৯ লিখে সার্চ করুন, এরপর প্রিমিয়াম অ্যামাউন্ট দিয়ে সাবমিট করুন। 'রেফারেন্স' এর ফিল্ডে আপনার পলিসি নম্বর কিংবা পুরো নাম লিখুন এবং বিকাশ পিন দিন। পেমেন্ট সফল হওয়ার পর সফল লেনদেন এর বিবরণ দেখুন। প্রিমিয়াম প্রাপ্তির পর ই-রিসিট এর লিঙ্কসহ একটি প্রাপ্তি স্বীকার এসএমএস শান্তা লাইফ এর রেজিস্টার্ড মোবাইল নম্বরে পাঠানো হবে।

### ৩. রকেট পেমেন্ট

রকেট অ্যাপের বিল পরিশোধ অপশনে সিলেক্ট বিলার এর সার্চ বার-এ ৫৩০৯ টাইপ করুন এবং শান্তা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি টাইপ করে সিলেক্ট করুন। বিল নম্বরে পলিসি নম্বর দিন এবং টাকার পরিমাণে প্রিমিয়াম এর পরিমাণ লিখে সাবমিট করুন। সফল লেনদেন এর বিবরণ দেখুন। প্রিমিয়াম প্রাপ্তির পর ই-রিসিট এর লিঙ্কসহ একটি প্রাপ্তিস্বীকার এসএমএস শান্তা লাইফ এর রেজিস্টার্ড মোবাইল নম্বরে পাঠানো হবে।

# বিশেষ দ্রষ্টব্য

১. এই পলিসিটি শান্তা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি কর্তৃক অবলিখিত এবং সর্বদা পলিসিতে বর্ণিত শর্তাদি ও শর্তাবলির অধীনে থাকে।

২. এই পুস্তিকার তথ্যসমূহ গ্রাহকদের শুধু সাধারণ ধারণা প্রদান/উদাহরণস্বরূপ ব্যবহার করা হয়েছে। শর্তাদি, শর্তাবলি ও ব্যতিক্রমসমূহ বিস্তারিতভাবে বীমা চুক্তিপত্রে অন্তর্ভুক্ত আছে।

৩. এই পুস্তিকার তথ্য ও বীমা চুক্তিপত্রের মধ্যে যেকোনো অসামঞ্জস্যতার ক্ষেত্রে, বীমা চুক্তিপত্রটি চূড়ান্ত বলে গণ্য হবে।

৪. প্রিমিয়াম প্রদানের ধরন বার্ষিক হলে, সর্বমোট প্রাপ্য মেয়াদপূর্তি মূল্য অন্য সকল প্রিমিয়াম প্রদানের ধরনের (মাসিক / ত্রৈমাসিক / অর্ধ-বার্ষিক) ক্ষেত্রে প্রাপ্য মেয়াদপূর্তি মূল্যের চেয়ে বেশি হবে।



# শান্তা লাইফ

আমরা শান্তা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি, উদ্ভাবন ও নতুনত্বের মাধ্যমে বীমা খাতের নতুন সংজ্ঞায়নের প্রতিশ্রুতিতে বাংলাদেশের বীমা অঙ্গনের নেতৃত্বদানকারী একটি নাম হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করি।

আমাদের উদ্দেশ্য আপনার জীবনের স্বপ্ন বাস্তবায়নের পথে সহজ ও কার্যকর সুরক্ষা এবং সমাধান প্রদানের মাধ্যমে সবচেয়ে বিশ্বস্ত বীমা কোম্পানি হিসেবে সর্বদা পাশে থাকা। এক ঝাঁক বৈচিত্র্যপূর্ণ, উদ্যমী ও বুদ্ধিদীপ্ত অভিজ্ঞ পেশাজীবীদের সমন্বয়ে গঠিত আমাদের পরিবার। গ্রাহকের পাশে থাকার প্রত্যয়ের পাশাপাশি একটি দূরদৃষ্টিসম্পন্ন ও সুশাসন দ্বারা পরিচালিত মূলনীতির মাধ্যমে আমরা সবার চেয়ে ভিন্ন ও আস্থাযোগ্য হয়ে উঠার শপথ করি।

SHANTA Life

**শান্তা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি**

শান্তা ওয়েস্টার্ন টাওয়ার (লেভেল ১০), ১৮৬ বীর উত্তম মীর শওকত সড়ক,
তেজগাঁও গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮। হটলাইন নম্বর: ০৯৬১০৮৮৯৯০০

shantalife.com

